

Advertisement

৫ লক্ষ সম্মানিত বাঙালি পরিবারের মধ্যে থেকে  
খুঁজে নিন আপনার পছন্দের জীবনসঙ্গী। \*

ফ্রি-তে রেজিস্টার করতে **ক্লিক করুন**

\* শর্তাবলী প্রযোজ্য

কলকাতা অ্যান্ড বিহার  
**ABP Weddings**  
আপনার পছন্দ। সফল পছন্দ।

**avana** MERLIN  
A whole new expanse

**RESORT LIKE  
Lifestyle**  
Residences for nature lovers

**360°  
OPEN  
LIVING**

**MERLIN GROUP**  
WORLDWIDE | 022-25004118 | merlin@group.in

## আনন্দবাজার পত্রিকা অনলাইন

২২ জানুয়ারি ২০২৪

প্রথম পাতা কলকাতা পশ্চিমবঙ্গ দেশ বিদেশ সম্পাদকের পাতা খেলা বিনোদন জীবন + ধারা ভিডিয়ো

Anandabazar / West Bengal / Kolkata /

### Bratya Basu

## যাদবপুরের জট কাটাতে আগ্রহী রাজ্য: ব্রাত্য

বিশ্ববিদ্যালয় সূত্রের খবর, চুক্তিভিত্তিক কর্মীদের বেতন আটকে গিয়েছে। বিভিন্ন বিভাগে যে অতিথি শিক্ষকেরা পড়াবেন, তাঁদের নিয়োগ বন্ধ। এ দিন স্থির হয়েছে, চুক্তিভিত্তিক কর্মীদের বেতন দেওয়ার জন্য ফিন্যান্স কমিটির বৈঠক ডাকা হবে।



শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। —ফাইল চিত্র।

নিজস্ব সংবাদদাতা

📍 কলকাতা 🕒 শেষ আপডেট: ১১ জানুয়ারি ২০২৪ ০৭:৪৮

Share:   Save: 

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের অন্তর্বর্তী উপাচার্য বুদ্ধদেব সাউকে রাজ্যপাল অপসারণ করার পরে বিশ্ববিদ্যালয়ে শুরু হয়েছে অচলাবস্থা। মঙ্গলবার এক প্রেস বিবৃতিতে বুদ্ধদেব জানিয়েছিলেন, অন্তর্বর্তী উপাচার্য নিয়োগের বিষয়ে সুপ্রিম কোর্টে যে মামলা চলছে, তিনি সে দিকে তাকিয়ে আছেন। তবে তিনি দফতরে যাচ্ছেন না। তাঁর অনুরোধ, রাজ্যপাল এবং রাজ্য এগিয়ে এসে এই অচলাবস্থা কী ভাবে দূর হবে, তা নিয়ে সিদ্ধান্ত নিক। এই বিষয়ে বুধবার শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু বলেন, “আমরা তো এগিয়ে আছি। কিন্তু, অন্য পক্ষ তো বধির মনে হয়।”

বিশ্ববিদ্যালয়ে তৈরি হওয়া অচলাবস্থার বিষয়ে জরুরি ভিত্তিতে আলোচনার জন্য সময় চেয়ে এ দিন আচার্য এবং উচ্চশিক্ষা দফতরের কাছে চিঠি পাঠিয়েছে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি (জুটা)। এর পাশাপাশি, বিশ্ববিদ্যালয়ের সমস্ত ডিন, অধিকর্তা, বিভাগীয় প্রধান ও আধিকারিক বৈঠকে বসে জরুরি বিষয়গুলি যাতে আটকে না থাকে, সেটি সহ-উপাচার্যকে দেখার জন্য অনুরোধ করেছেন।

বিশ্ববিদ্যালয় সূত্রের খবর, চুক্তিভিত্তিক কর্মীদের বেতন আটকে গিয়েছে। বিভিন্ন বিভাগে যে অতিথি শিক্ষকেরা পড়াবেন, তাঁদের নিয়োগ বন্ধ। এ দিন স্থির হয়েছে, চুক্তিভিত্তিক কর্মীদের বেতন দেওয়ার জন্য ফিন্যান্স কমিটির বৈঠক ডাকা হবে। যার ভাইস চেয়ারম্যান সহ-উপাচার্য অমিতাভ দত্ত। তাঁকে বৈঠক ডাকার অনুরোধ করা হয়েছে। ফিন্যান্স কমিটির বৈঠকের সিদ্ধান্ত উচ্চশিক্ষা দফতরকে জানিয়ে দেওয়া হবে। অতিথি শিক্ষক নিয়োগের বিষয়টিও দেখার জন্য অনুরোধ জানানো হয়েছে সহ-উপাচার্যকে।

(সবচেয়ে আগে সব খবর, ঠিক খবর, প্রতি মুহুর্তে। ফলো করুন আমাদের [Google News](#), [X \(Twitter\)](#), [Facebook](#), [Youtube](#), [Threads](#) এবং [Instagram](#) পেজ)

Bratya Basu | Jadavpur University

Follow us on:     Save: 

Advertisement

